



স্মারক নং- ০৫.৫০.১০৯৫.০১১.১১.০১৯.২৩-৭১৪


তারিখ : ২০ আষাঢ় ১৪৩০ ব.
০৪ জুলাই ২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এ ক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে(১৬:৯ অনুপাত) করতে হবে।
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে।
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর ০১৭৬১-২৭৩২৬৯ ই-মেইল shohelhstu117@gmail.com


০৪/০৭/২০২৩
(সান্দীদা পারভীন)

উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা, বগুড়া।
ফোনঃ ০২৫৮৯৯১০৭০১

ই-মেইল- unsonatala@mopa.gov.bd


০৪/০৭/২০২৩